

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৪.১৯-৪৬৮

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব.
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪০৩৬/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪০৩৬/২০১৯ মামলার বুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪০৩৬/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৪০৩৬/২০১৯	জনাব মোঃ শামীম সিকদার, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), বকশীগঞ্জ দ্বিমুখী দাখিল মাদ্রাসা, উপজেলা- সাদুল্যাপুর, জেলা- গাইবান্ধা।	সচিব, টিএমইডি, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৭ (সাত) জন।	গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন বকশীগঞ্জ দ্বিমুখী দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) পদে যোগদানের তারিখ (২৩/০৭/২০১৫) হতে নাম এমপিওভুক্তির জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে পিটিশনার জনাব মোঃ শামীম সিকদার কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৪০৩৬/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ১৩/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে বর্ণিত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ (২৩/০৭/২০১৫) হতে পিটিশনারের নাম এমপিওভুক্তকরণের জন্য কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১০/০৬/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪০৩৬/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।

